যুগান্তর

০৬ জুলাই ২০২৪, ১০:০৩ পিএম | অনলাইন সংস্করণ

# উত্তরা ইউনিভার্সিটিতে ল’ অ্যালামনাই রিইউনিয়ন অনুষ্ঠিত




উত্তরা ইউনিভার্সিটির আইন বিভাগের উদ্যোগে আইন বিভাগের প্রাক্তন ছাত্র-ছাত্রীদের নিয়ে অনুষ্ঠিত হয়ে গেল Law Alumni Reunion 2024।

শনিবার সকাল ১০টা থেকে উত্তরা ইউনিভার্সিটির মাল্টিপারপাস হলে এ আয়োজন করা হয়। এ অনুষ্ঠানে আইন বিভাগের সাবেক ছাত্র-ছাত্রীদের মধ্যে প্রায় তিন শতাধিক অ্যাডভোকেট উপস্থিত ছিলেন।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিচারপতি নাইমা হায়দার, বাংলাদেশ সুপ্রিম কোর্ট (হাইকোর্ট ডিভিশন), প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. ইয়াসমীন আর লেখা, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. গৌর গোবিন্দ গোস্বামী।

গেষ্ট অফ অনার হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সুপ্রিম কোর্ট বার অ্যাসোসিয়েশন এর সাধারণ সম্পাদক, সিনিয়র আইনজীবী, শাহ্ মনজুরুল হক এবং মো. মোস্তাফিজুর রহমান, চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, গাজীপুর।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রফেসর ড. জাকির হোসেন, ডিন, স্কুল অব আর্টস এণ্ড সোশ্যাল সায়েন্স ও চেয়ারম্যান, ডিপার্টমেন্ট অব ল', উত্তরা ইউনিভার্সিটি।

প্রধান অতিথি বিচারপতি নাইমা হায়দার তার বক্তব্যে অনুষ্ঠানে আগত অ্যাডভোকেটদের উদ্দেশ্যে বলেন, আপনারা আপনাদের পেশাগত জীবনে শুধুমাত্র অর্থের পেছনে নয়, যদি নিষ্ঠার সঙ্গে নিজেকে দেশের সেবক মনে করে কাজ করতে পারেন তাহলে সম্মান এবং ঐশ্বর্য দুটোই অর্জন করতে পারবেন এবং উত্তরা ইউনিভার্সিটি কর্তৃপক্ষকে এমন একটি সুন্দর আয়োজন করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

প্রধান পৃষ্ঠপোষক ও উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা তার বক্তব্যে বলেন, এখন পর্যন্ত উত্তরা ইউনিভার্সিটির আইন বিভাগ থেকে পড়াশোনা শেষ করে প্রায় তিন হাজার শিক্ষার্থী আইন পেশার সঙ্গে নিয়োজিত রয়েছেন এবং সুনামের সঙ্গে তারা তাদের মেধার স্বাক্ষর দিয়ে যাচ্ছেন, আমার কাছে এবং গোটা উত্তরা ইউনিভার্সিটি পরিবারের কাছে এটা একটা গর্বের বিষয়।

বিশেষ অতিথির বক্তব্যে উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. গৌর গোবিন্দ গোস্বামী বলেন, উত্তরা ইউনিভার্সিটি দেশে ও আন্তর্জাতিক পর্যায়ে লিডারশিপ তৈরীর এক অন্যতম বিদ্যাপীঠ। এই রিইউনিয়ন এটাই প্রমান করে।

গেষ্ট অফ অনার এর বক্তব্যে বাংলাদেশ সুপ্রিম কোর্ট বার অ্যাসোসিয়েশন এর সাধারণ সম্পাদক, সিনিয়র আইনজীবী, শাহ্ মনজুরুল হক বলেন, আপনাদের উদ্দেশ্যে আজ আমি বলতে চাই, আপনারা যে যত বেশি আত্মবিশ্বাসী হবেন এবং নিজেকে যে যত বেশি বিদ্যা চর্চার মধ্যে রাখতে পারবেন সে তত বেশি এই পেশাতে প্রতিষ্ঠিত হতে পারবেন। উত্তরা ইউনিভার্সিটি সম্পর্কে তিনি বলেন, আমি ইউনিভার্সিটির শিক্ষার পরিবেশ, সুদক্ষ পরিচালনা পর্শদ, কাঠামোগত উন্নয়ন ও এখানকার গ্রাজুয়েটদের কোয়ালিটি দেখে অভিভূত।

অ্যালামনাই অ্যাডভোকেটদের সম্মানে দুপুরে মধ্যাহ্ন ভোজের পরে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে “Law Alumni reunion 2024” অনুষ্ঠানের পরিসমাপ্তি ঘটে।